

সম্পাদকীয়:

করোনাভাইরাসের (কোভিড-১৯) খাবায় সারাবিশ্ব যখন লভভভ, সারাদেশ যখন আতঙ্কগ্রস্ত, তখনও অসহায় মানুষের পাশে দাঁড়ানোর চেষ্টা করছে ব্যতিক্রমী কিছু মানুষ। সুজন-এর বিভিন্ন অঞ্চলের কিছু নেতা-কর্মী তার মধ্যে অন্যতম। সুজন-এর বন্ধুদের এসকল প্রচেষ্টার কথা তুলে ধরার ধারাবাহিক প্রয়াসের অংশ হিসেবেই প্রকাশিত হলো আমাদের এই নিউজ লেটার।

নরসিংদীতে সুজন-এর উদ্যোগে ওয়াস বেসিন স্থাপন:



নরসিংদীতে সুজন-এর উদ্যোগে ওয়াস বেসিন স্থাপন এবং বিনামূল্যে মাস্ক ও পিপিই বিতরণ করা হয়। নরসিংদী জেলা করোনাভাইরাস প্রতিরোধ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক সৈয়দা ফারহানা কাউনসিলের আহ্বানে গত ৮ এপ্রিল ২০২০, জেলা প্রশাসক সড়কের বিলাসদী মহল্লার গলির মুখে, সাধারণ মানুষের নিয়মিত হাত ধোতকরণের উদ্দেশ্যে সুজন-এর উদ্যোগে স্থাপন করা হয় দুটি ওয়াস বেসিন।

জেলা প্রশাসক মহোদয়ের পক্ষে উক্ত বেসিনে হাত ধোতকরণ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ রইছ আল রেজুয়ান। অনুষ্ঠানটিতে সুজন-এর নরসিংদী সদর উপজেলা কমিটির সভাপতি ও আজীবন সদস্য জনাব শফিকুল ইসলাম প্রধান, দৈনিক আজকের খোঁজ খবর পত্রিকার সম্পাদক মনজিল এ মিল্লাত, বিশিষ্ট সমাজসেবক এম মোজাম্মেল হক ও বিশিষ্ট সাংবাদিক কাজী জহিরুল ইসলাম খোকনসহ স্থানীয় সুজন নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। এসময় মহল্লাবাসী ও পথচারীদের মধ্যে সুজন-এর উদ্যোগে বিনামূল্যে ২০০ মাস্ক এবং জরুরি কাজে নিয়োজিতদের মাঝে ৩০ পিস পিপিই বিতরণ করা হয়।

হবিগঞ্জে সচেতন নাগরিক কমিটি গঠিত:



হবিগঞ্জে সুজন-এর উদ্যোগে করোনাভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধে সচেতন নাগরিক কমিটি গঠিত হয়েছে। গত ৬ এপ্রিল ২০২০-এ করোনাভাইরাস মোকাবেলায় ধারাবাহিকভাবে কার্যক্রম পরিচালনার উদ্দেশ্যে

সুজন-হবিগঞ্জ জেলা কমিটির সাধারণ সম্পাদক চৌধুরী মেজবাউল বারী লিটনকে আহ্বায়ক এবং সমাজকর্মী বিপ্লব রায় সুজন ও সাহিত্যিক-সাংবাদিক অপু চৌধুরীকে যুগ্ম-আহ্বায়ক করে ৬১ সদস্য বিশিষ্ট সচেতন নাগরিক কমিটি গঠন করা হয়। কমিটিতে সুজন-হবিগঞ্জ জেলা কমিটির সভাপতি এ্যাডভোকেট ত্রিলোক কান্তি চৌধুরী বিজনসহ বিশিষ্ট নাগরিকবৃন্দকে সম্পৃক্ত করা হয়।

এদিকে গত ৭ এপ্রিল ২০২০-এ, চৌধুরী মেজবাউল বারী লিটনের উদ্যোগে ২৫০টি পরিবারের মধ্যে সহায়তা সামগ্রী (৫ কেজি চাল ও ২ কেজি আলু) বিতরণ করা হয়।

বংশালে সচেতনতামূলক কার্যক্রম ও করোনা প্রতিরোধ সহায়ক সামগ্রী বিতরণ:



সুজন- বংশাল থানা কমিটি ও আলুবাজার বন্ধু সংঘের যৌথ উদ্যোগে গত ১২ মার্চ ২০২০-এ সিদ্দিক বাজার সরকারি প্রাথমিক বিদ্যালয়, বংশাল সরকারি প্রাথমিক বিদ্যালয়, লুৎফর রহমান সরকারি প্রাথমিক বিদ্যালয়, হামিদিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান উচ্চ বিদ্যালয়, আলহাজ্ব ইউসুফ মেমোরিয়াল মাদ্রাসা, আলুবাজার বড় মসজিদ মাদ্রাসা ও সুবেদারঘাট মসজিদ মাদ্রাসার ২০০০ ছাত্র-ছাত্রীকে করোনাভাইরাস সম্পর্কে সচেতন করার উদ্যোগের (আলোচনা) পাশাপাশি শিক্ষার্থী ও শিক্ষকদের মাঝে লিফলেট ও মাস্ক বিতরণ করা হয়। সুজন-বংশাল থানা কমিটির সহ-সভাপতি জনাব শহীদ মাহমুদ শহীদুল্লাহ, সাধারণ সম্পাদক মোহাম্মদ ইব্রাহীম, আলুবাজার বন্ধু সংঘের উপদেষ্টা আবুল কালাম, সভাপতি মোঃ ইসলাম উদ্দিন, সাধারণ সম্পাদক হাজী মোঃ রণি প্রমুখ কার্যক্রমসমূহে অংশ নেন।

এছাড়াও সংগঠন দুটির যৌথ উদ্যোগে ২৬ মার্চ ২০২০, মহান স্বাধীনতা দিবসে বংশাল এলাকায় পথচারীদের মাঝে ২০০ মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও হ্যান্ড গাভস বিতরণ করা হয়।